

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসারের কার্যালয়
ক্যান্টনমেন্ট বোর্ড
রাজশাহী সেনানিবাস, রাজশাহী-৬২০২
www.cbraj.gov.bd

নং-রাক্যাবো/সংস্থাপন-৪/নিয়োগ বদলি (৪র্থ)/১০/২/২২৪

১২ আশ্বিন, ১৪২৭
তারিখ :-----
২৭ সেপ্টেম্বর, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	বেতনস্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই
১।	হিসাব করণিক গ্রেড-১৬	৯৩০০-২২৪৯০/-	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এইচএসসি (বাণিজ্য) অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার কোর্স সম্পন্ন হতে হবে।	রাজশাহী ও নাটোর তবে সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন
২।	ল্যাব এন্টেনডেন্ট গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০২	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম এসএসসি (বিজ্ঞান) অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে।	রাজশাহী, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ তবে সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন
৩।	অর্ডলী গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	ঐ
৪।	অফিস সহায়ক গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০২	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	ঐ
৫।	পরিষ্কার কর্মী গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০১	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণী পাস হতে হবে	ঐ
৬।	আয়া গ্রেড-২০	৮২৫০-২০০১০/-	০২	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণী পাস হতে হবে	ঐ

শর্তাবলী

- ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসার, রাজশাহী সেনানিবাস, রাজশাহী বরাবরে আগামী ২৫-১০-২০২০ তারিখের মধ্যে ডাকযোগে ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজশাহী সেনানিবাস-৬২০২ ঠিকানায় আবেদনপত্র পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।
- প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত চাকরি ফরম ও প্রবেশপত্র রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইট www.cbraj.gov.bd হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল রেকর্ড/কাগজপত্র ও সদ্য তোলা ৫×৫ সে.মি সাইজের ০৩(তিন) কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- মৌখিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের নিম্নোক্ত রেকর্ড/কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:
 - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি।
 - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র ও জন্ম সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
 - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর যথাক্রমে স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর সম্বলিত সনদপত্রের সত্যায়িত কপি।
- ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসার, রাজশাহী সেনানিবাসের অনুকূলে ১ নং বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ২ থেকে ৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার (অফেরত যোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।
- নিয়োগ প্রক্রিয়ায় উপস্থিতির জন্য কোনো দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটাসহ সরকারের প্রচলিত অন্যান্য কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- স্বহস্তে পূরণকৃত প্রবেশপত্র। প্রবেশপত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১(এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১৫(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫"×৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং আবেদন পত্রের খামের উপর পদের নাম ও জেলা উল্লেখ করতে হবে।
- নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল এবং উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

ক্যান্টনমেন্ট এলিকিউটিভ অফিসার
রাজশাহী সেনানিবাস।